

শাবিতে লিয়াজোঁ কমিটির আজ আবার কনভেনশন আহ্বান

শা.বি. সংবাদদাতা ॥ শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী লিয়াজোঁ কমিটি আজ রবিবার আবার কনভেনশনের ডাক দিয়েছে। বিশ্ববিদ্যালয়টির চারটি পেশাজীবী সংগঠন তাদের বিভিন্ন দাবির ব্যাপারে কর্তৃপক্ষের ভূমিকা নিয়ে কনভেনশনে আলোচনা করা হবে বলে জানা গেছে।

শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম শফিকুর রহমানের অপসারণের দাবিতে গত ১৬ মার্চ শিক্ষক সমিতি, অফিসার্স এ্যাসোসিয়েশন, সহায়ক কর্মচারী সমিতি এবং কর্মচারী ইউনিয়ন "লিয়াজোঁ কমিটি" গঠন করে।

তাদের ৩৫ দিনব্যাপী অসহযোগ আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়টি অচল হয়ে পড়লে অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের আস্থাসের পরিপ্রেক্ষিতে লিয়াজোঁ কমিটি তাদের আন্দোলন স্থগিত ঘোষণা করে। বিশ্ববিদ্যালয়টি সচল হবার পর গত

২৯ এপ্রিল শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মুসলেহউদ্দিন আহমেদকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেয়া হয়।

কিন্তু উপাচার্য প্রফেসর এম শফিকুর রহমানকে প্রত্যাহার করা হয়নি।

এদিকে উপ-উপাচার্যকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেবার পর বিশ্ববিদ্যালয়টির পেশাজীবী চারটি সংগঠন তাদের বিভিন্ন দাবির ব্যাপারে

তৎপর হয়। তারা ভারপ্রাপ্ত উপাচার্যকে তাদের দাবিগুলো পূরণ করার জন্য দাবি জানায়। গত ২৫ মে শিক্ষক সমিতি ৪০ দফা দাবি পেশ করে। তাদের দাবিগুলো হচ্ছে শিক্ষকদের চাকরি স্থায়ীকরণ, আপহেডেশন ও প্রমোশনের ব্যবস্থা করা, নতুন শিক্ষক নিয়োগ দেয়া, অধৈমভাবে চাকরিচ্যুত ১৪ শিক্ষকের অব্যাহতি প্রত্যাহার করা, রসায়ন বিভাগে দু'জন শিক্ষকের বেতনভাতা প্রদান, শিক্ষকদের প্রাপ্য পরীক্ষার পারিতোষিক, পুস্তক ভাতা ও চিত্ত বিনোদন ভাতা প্রদান, ছাত্র হল-শিক্ষকদের ডরমেটরি ও গেট হাউজ চালু করা, ছাত্রী হলের নির্মাণ কাজ সম্পন্ন করে ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করা, বিশ্ববিদ্যালয় ভুলের রেজিস্ট্রেশনের ব্যবস্থা করা ইত্যাদি। এছাড়া অফিসার্স এ্যাসোসিয়েশন সহায়ক কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন পৃথকভাবে তাদের বিভিন্ন দাবি পূরণের জন্য ভারপ্রাপ্ত উপাচার্যের কাছে দাবি জানিয়েছে।

তাদের দাবির পরিপ্রেক্ষিতে গত ২৬ মে ভারপ্রাপ্ত উপাচার্য সিভিকসেটের সভা করেছেন এবং বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন জানা গেছে। এক্ষেত্রে কর্তৃপক্ষ তাদের দাবির ব্যাপারে যে সকল পদক্ষেপ নিয়েছে তার পরিপ্রেক্ষিতে পরবর্তী করণীয় নির্ধারণের জন্যই আজ রবিবার কনভেনশনের ডাক দেয়া হয়েছে।